দৈনিক খবর
তারিখ ..30 OCT 1992
পৃষ্ঠা... ১ ......কলাম .. ৭ ...

### এসএসসি পরীক্ষায় নতুন নিয়ম চালুর প্রতিবাদ

# ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে স্কুল ছাত্রদের সমাবেশ ভাঙচুর

।। ষ্টাফ রিপোর্টার ।।

এসএসসি পরীক্ষার নতুন নিয়ম চালু করার সিদ্ধান্তের প্রতিবাদে গতকাল বৃহস্পতিবার ঢাকা মহানগরীসহ দেশের বিভিন্ন স্থানে ছাত্ররা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। সিলেটেও একই কারণে এবং নতুন সিদ্ধান্ত প্রণয়নের জন্য শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবী করে স্কুল ছাত্ররা ব্যাপক ভাঙচুর চালিয়েছে। সিলেটে বিক্ষোভকারী ছাত্রদের ওপর পুলিশের বেপরোয়া লাঠিচার্জে বেশ ক'জন ছাত্র আহত হয়েছে। পুলিশ ছ'জনকে গ্রেফতারকরেছে।

রাজধানী ঢাকা মহানগরীতে বেলা ১০টা থেকে বিভিন্ন স্কুলের ছাত্ররা বিক্ষোভ মিছিলসহ প্রেসক্লাবের দিকে আসতে থাকে। দুপুর ১২টার দিকে আনুমানিক পাঁচ/ছ' হাজার স্কুল ছাত্র এক সমাবেশে মিলিত হয়। সমাবেশে ছাত্ররা অবিলম্বে এসএসসি পরীক্ষার ব্যাপারে ঘোষিত নতুন নিয়ম সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত প্রত্যাহার দাবী জানায়। এ ধরনের সিদ্ধান্ত প্রবর্তনের দায়ে তারা শিক্ষামন্ত্রীর অপসারণ দাবী করেছে।

২ এর পাতায় দেখুন

## ঢাকাসহ দেশের বিভিন্ন

প্রথম পৃষ্ঠার পর

সমাবেশ শেষে স্কুল ছাত্ররা বিভিন্ন উত্তপ্ত শ্লোগান দিয়ে রাজপথে বিক্ষোভ মিছিল বেরকরে।

আমাদের সিলেট ব্যুরো থেকে খায়রুল আমীন মঞ্জু জানান, আসন্ন এসএসসি পরীক্ষায় শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক কতিপয় নতুন নিয়ম চালু করার সিদ্ধান্তের প্রতিবাদে বিক্ষুব্ধ স্কুল ছাত্ররা শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবীতে শহরে বিক্ষোভ মিছিল ও শোভাযাত্রা বের করে। দুপুরের দিকে বিক্ষোভকারীরা জিন্দাবাজারস্থ সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ে ঢোকার চেষ্টা ও এক পর্যায়ে বেশ ক'টি গাড়ী ভাঙচুর ও একটি গাড়ীতে অগ্নিসংযোগের প্রচেষ্টা চালালে পুলিশ দ্রুত ঘটনাস্থলে এসে পৌছে। পুলিশের বেধড়ক লাঠিচার্জে ঘটনাস্থলে বেশ ক'জন ছাত্র আহত হয়। বিক্ষুব্ধ ছাত্রদের ছ'জনকে পুলিশ গ্রেফতারকরে।

এ দাবীতে শহরের সবক'টি স্কুলের ছাত্ররা ক্লাস বর্জন করে। বেলা সাড়ে ১২টার দিকে স্কুল ছাত্ররা জিন্দাবাজার অতিক্রমকালে জানতে পারে, সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা ধর্মঘটে যোগদান না করে ক্লাস করছিল। এ সময় স্কুলে মিলাদ মাহফিল চলছিল। ছাত্ররা উত্তেজিত হয়ে প্রধান ফটক অতিক্রম করে ভেতরে প্রবেশের চেষ্টা চালায়। মারমুখী ছাত্রদের নিয়ন্ত্রণে আনতে পুলিশ লাঠিচার্জ করে এবং ঘটনাস্থল থেকে হাবিবুর রহমান, খালেক আহমদ, আবুল কাশেম, মাজহারুল ইসলাম, রুহেল আহমেদ ও আতাউর রহমান নামে ছ'জন স্কুল ছাত্রকে গ্রেফতার করে।

### নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জ সংবাদদাতা ফজলুর রহমান টেলিফোনে গতরাতে জানান, সকাল ১০টার দিকে বিভিন্ন স্কুলের ছাত্ররা একই দাবীতে ঢাকা-ডেমরা সড়কে অবরোধ সৃষ্টি করলে পুলিশ তাদের বাধা দেয়। এক পর্যায়ে উভয় দলের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়ায় ইটপাটকেল নিক্ষেপে তিনজন মহিলাসহ ২৫ জন আহত হয়েছে। পুলিশ তাদের ছত্রভঙ্গ করার জন্য টিয়ার গ্যাস নিক্ষেপ করেছে। ছাত্ররা যানবাহনে ভাঙচুর চালালে কমপক্ষে ১০টি গাড়ী ক্ষতিগ্রস্ত হয়। পুলিশ ঘটনাস্থল থেকে ১৪ জন ছাত্রকে গ্রেফতার করেছে।

মুন্সীগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, মুন্সীগঞ্জ শহরে বিভিন্ন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা ১৯৯৩ সালের এসএসসি পরীক্ষার নতুন পদ্ধতি ও মান বন্টনের ধারা বাতিলের দাবীতে ক্লাস বর্জন ও বিক্ষোভ প্রদর্শন করে। এ সময় বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে ভাঙচুরহয়।

স্কুলের ছাত্র-ছাত্রীরা দুপুরে শহরের সুপার মার্কেট চত্বরে ক্লাস বর্জন শেষে এক সমাবেশের আয়োজন করে। সমাবেশে সিদ্ধান্ত নেয়া হয়- নতুন পদ্ধতি এবং মান বন্টন ধারা বাতিল না হওয়া পর্যন্ত আগামী শনিবার থেকে অনির্দিষ্টকালের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস বর্জন করা হবে। বক্তারা শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবী করেছে।